Martin Scorsese, Director of *Taxi Driver* and *Raging Bull*: "for me he is the filmic voice of India, speaking for the people of all classes of the country…He is the most sensitive and eloquent artist".

Majid Majidi, the Iranian director of the acclaimed movies *Children of Heaven* and *The Color of Paradise:*

"I knew India from Satyajit Ray's cinema …In *Pather Panchali*, there is a respect that he has for his hero, even in the poverty. His heroes come from this class of society, and they are trying for life," in an interview with PTI, 2018).

Satyajit Ray's Letters from Santiniketan to his mother Suprabha discovered

Recently Sandip Ray came across a rare collection of some 50-odd letters, mostly postcards, giving a glimpse into the mother-son relationship, and his days as a student under Nanadalal Bose in Santiniketan. Stay tuned…

Postscript: Feluda Prodosh C. Mitter in R.C. Mitter's House

A few scenes, including the last scene of the telefilm based on Satyajit Ray's Baksho Rahasya, was filmed in 1996 by Sandip Ray at my Calcutta home built by my grandfather R.C. Mitter. Years later, I saw the film. It was rather amusing to watch the scenes shot in the library room adorned with its grandfather clock (it struck Five in the film) in the home where I grew up. My sister's black Doberman Pinscher was also shown in the movie.

Disclaimer

The light-hearted material presented here is the author's choice for this magazine. In this age of information explosion, one can find many interesting books, articles and interviews on Youtube related to Satyajit Ray that continue to be produced.

References

1. *Our Films, Their Films* by Satyajit Ray. Hyperion New York 1994
2. *Satyajit Ray The Inner Eye* by Andrew Robinson University of California Press, Berkeley and Los Angeles, 1989.
3. *Travails with The Alien -The Film That Was Never Made And Other Adventures with Science Fiction Satyajit Ray* Edited by Sandip Ray. HyperCollins Publishers, 2018
4. সেরা সত্যজিৎ: আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড, ১৯৯১ (Best Of Satyajit: Ananda Publishers Private Limited, 1991)

5. আমাদের কথা- বিজয়া রায় (Our Story by Bijaya Ray); Ananda Publishers Private Limited; 5th Edition 2011.

6. সিনে টেকনিক (সত্যজিৎ রায় বিশেষ সংখ্যা), সম্পাদনা দিলীপ ব্যানার্জী সোমেন ঘোষ; দ্বিতীয় সংখ্যা, মার্চ ১৯৭২ (Cine Techniques Special Edition on Satyajit Ray; ed. Dilip Banerjee and Somen Ghosh, March 1972).

Audrey

Amrita Dasgupta

Her lips are scarlet, her eyes are blue,
She is so graceful, she is so true.
She has a charm that turns me on,
She runs from me just like a fawn.
Ebony hair and cheeks that blush,
I think on her I have a crush.
She looks at me with eyes so cool,
I turn away, feel like a fool.
Diamonds, rubies, gems or gold,
Could never quench our love so old.
Audrey, Audrey speak to me,
Speak to me or set me free.
But then one day she went away,
She isn't here with me today.
My love Audrey left this world,
The night was cold, the fair winds whirled.
Who could have slayed a love so true,
Leaving me with such pain and rue.
Audrey perished left me cold,
My story is almost nearly told.
It happened while she was reading Macbeth,
Oh, why is there a thing called death?

January 3, 1982

Our Unsung Heroes

Anjali Bhattacharyya

With the invasion of Covid 19, we are pushed through an unimaginably impossible and unfathomably difficult uncharted path whose margin expands continuously towards the unknown as we take every step. It has impacted every sphere of our lives.

We are depending and pressuring more and more on our physicians and other healthcare providers. We have a vague idea of the kind of pressure they are in, the kind of professional hazard they face every moment of the day. Several already have lost their lives in the battle. Yet no one shrinks from their duties and responsibilities. They are an inspiration of selflessness and sacrifice. They are our heroes.

We look up to the scientific community eagerly and impatiently for some miraculous drugs and vaccinations for combatting and winning this undeclared world war. We hope someday, sometime, somewhere there will be some miraculous drugs and vaccines. We look up to them. They are also our heroes.

In such critical times we depend on others to carry out our daily living as smoothly as possible. Without their services we could not survive even a day. Yet how much are we aware of their selfless sacrifices? How much do we appreciate them? How well do we recognize them? They are our unsung heroes!

Here is my small tribute in recognition and appreciation of their selfless services:

There you are Mr. Mailman,

From Monday through Saturday through rain or shine

You bring news and information, personal and private

To me.

Following your route through Covid and beyond!

And you at the (grocery) cash register,

From the garden supply to the pharmacy

Each day and every day

You supply our needs

At the base of our existence.

All year-round rain and shine
Remaining behind the scenes,
You keep our roads in optimal condition
Bridging the gap with the bonds of humanity.
You Mr. Sewage Man
You Mr. Trash Collector
You, Mr. Recycle Picker
You are mostly behind the scenes
Silent, yet diligent.
I usually do not talk to you
I do not much think about you
I take you for granted.
You are there for me and many like me
You are there all the time for all of us.

You are the inspiration of mankind
You are my unsung heroes!

The Pandemia

Anjali Bhattacharyya

My days and nights
I knew so well
With
Unspoken assurance of
Friendliness and familiarity,
Mundane and repetitious
Mutual exchange of
Words, sentences and paragraphs
Brimming with
Simplicity, clarity, friendliness and bonding.

Words and thoughts
Laced with
Fear, doubt, helplessness and isolation
Shoved into a margin of unknown dimension.

In the blinking of an eye
My known intimate world
Gets jumbled up with
Chapters and chapters of the unknown:
Clear and sunny mornings
Mutate into indignant, frustrated minutes and hours,
Nights threatened by violent nightmares
Hard sanitizers smeared over assurance
Disinfectants of all sorts
Spray unfriendliness and separation

On the doorknobs.
Fear tries to filter through face masks
Doubt forcefully forces through rubber gloves.

Unwilling, clueless and scared
I get pushed in an
Unknown sphere of
Endless hazy nebula.

Three Pieces of Banana Bread

Anjali Bhattacharyya

It is 2 pm on the dot
My doorbell rings and waits
Till I come hovering uncertainly over my slow cane
And open the door wondering and irritated.

There waits my friend
From right across the street
Smiling
A small paper plate in her hand.

She hands the plate over to me
Then leaves
Waving her gloved hand
And smiling through her mask.

Disinfecting the wrap
I look at three pieces of banana bread
That she had baked
With so much
Love, hope and sharing
Breaking down the isolation and all barriers!

প্রবাসে শরৎ ঋতু

অরুন্ধতী ঘোষ

আমাদের অন্যান্য ঋতুর মতোই আমাদের ভীষণ প্রিয় একটি ঋতু, শরৎ। প্রতি বছর শরৎ তার ঝুলি ভরতি করে আনে নানা উপহার আমাদের জন্য। নীল আকাশে তুলোর মতো মেঘের রাশি, গাছে গাছে ফুলের বাহার-শিউলি, রঙ্গন, টগর করবী ইত্যাদি, ভোরের শিশির ভেজা ঘাস ও পথের ধারে ধারে কাশফুলের গুচ্ছ।সেই কবে দেখা, কিন্তু তবু শরতের কথা উঠলে মনটা অনেক দূরে চলে যায়, সেই বাংলায়, যেখানে শিউলিফুল, জলের ওপরে ভাসা পদ্ম ও ঢাকির বাজনা, পাড়ায় পাড়ায় প্যান্ডেলে অধিষ্ঠিতা দেবী দুর্গার কাছে।

উত্তর আমেরিকায় কিন্তু দেশের মতোই বিভিন্ন ঋতু ঘুরে ফিরে আসে- বসন্ত, গ্রীষ্ম, শরৎ ও শীত। শরৎকালকে এদেশে আমরা "Fall" বলে থাকি। এইসময় সবুজ পর্ণমোচি গাছেদের পাতার রঙ বদলের ও পাতা ঝরানোর পালা।গাছেরা তাদের পাতা ঝরিয়ে শীতের চাদরে নিজেদের মোড়ে, আর বসন্তের প্রতিক্ষা করে। এই "Fall" এর সঙ্গে আমাদের দেশের শরৎ ঋতুর খুব একটা তফাৎ নেই। নীরব নীল আকাশে সাদা মেঘের সারি, ভোরের শিশিরে ভেজা ঘাস, অসংখ্য Fall flower, যা দিয়ে আমরা মা দুর্গাকে সাজাই, অঞ্জলি দিই।

এদেশে শরৎ আসে প্রকৃতিকে নতুনরূপে সাজাতে। একটু আগেই বলছিলাম গাছেদের পাতা ঝরানোর কথা। গাছেরা তাদের সবুজ পাতার রাশিকে হলুদ, কমলা, মেরুন, লাল নানা রঙ এ রাঙ্গিয়ে নেয়।যেন প্রকৃতিদেবী তাঁর রঙ ও তুলি দিয়ে নিজের খেয়ালে ছবি এঁকেছেন। প্রকৃতির এই রংখেলাকে আমরা "Fall Color"। এ যেন পাতার ঝরার আগে প্রকৃতির প্রোগ্রামের "Grand Finale" ।

এবার কাশফুলের প্রসঙ্গে আসি। কাশফুল ছাড়া শরৎ অসম্পূর্ণ। আমাদের প্রবাসে কাশফুল না থাকলেও আমরা দেখতে পাই "Fall Grasses"- অনেকটা কাশফুলের মতো দেখতে, তবে রকমভেদ আছে। রাস্তার ধারে ধারে অসংখ্য এইরকম শরতের ঘাস এদেশের শরতের আরেকটি বৈশিষ্ট্য।

প্রকৃতির এই রঙের উৎসব, কাশফুলের মতো এদেশের শরতের ঘাস আমাদের মনে করিয়ে দেয় আসন্ন দুর্গাপুজার কথা। প্রকৃতির সঙ্গে সঙ্গে আমরাও নিজেদের নতুন পোষাকে মুড়ে দুর্গাপুজায় মেতে উঠি।প্রবাসে মহালয়া শুনে দেবীপক্ষের শুরু হয় এবং বিভিন্ন শহরে দুর্গাপুজা পালিত হয় এক একটি উইকেন্ডে।

পাব না তোমায় জানি

বেনামী

পাব না তোমায় জানি ॥

তবু ভালো লাগে অলস শয়নে, ভাবিতে তোমায় আপনার মনে,
দোলা দিয়ে যায় মধুর স্বপনে, হাসিভরা মুখখানি ॥

তুমি রূপসিনী, তুমি বিদূষিনী, তবু পরকীয়া তুমি, জানাব না মন কভু ।
তুমি সুখে ভোর, আমিও তো সুখী, যে যার নিয়ত নিজ পথমুখী,
তবু চঞ্চল হয়ে ওঠে আঁখি, দেখা পাব যদি জানি ॥

মনে ছিল আশা তোমায় শোনাবো গান, তার বিনিময়ে চাই নি তো প্রতিদান ।
খুঁজিলাম কত চারিধার চেয়ে দেখি না কোথাও অপরূপা মেয়ে,
বৃথাই আমি যে যাই গান গেয়ে, শুনি না তো তব বাণী ॥

কাছে টান যবে দূরে যাই চলে ত্বরা, ফিরিয়া না চাই, দিতে চাই যবে ধরা ।
এ লুকোচুরির নাহি যেন শেষ, কতটা বুঝিছ নাহি জানি লেশ,
লাজে ভয়ে মরে হেন প্রেমাবেশ, পাছে হয় কানাকানি ॥

তোমার প্রসাদ মাগে কত গুণী প্রাণ, তোমার বীণায় বাজে কিগো মোর গান?
গভীর নিশীথে পলকের তরে, আমায় যদি হে কভু মনে পড়ে,
সার্থক আমি ভাবিব আমারে, ওগো মোর গরবিনী ॥

পাঠকের চোখে কৌতূহলের ছবি, বেনামে লিখিছে এ কোন্ প্রেমিক কবি?
আঁকিতেছি আমি সবারই বারতা, ঘটিতেছে যাহা সমাজেতে সদা,
প্রকাশিতে ভয় হেন প্রেমকথা, হবে সম্মানহানি ॥

(পৃথ্বীশ দাশগুপ্ত’র অপ্রকাশিত লেখা, সেপ্টেম্বর ২৪, ১৯৯২)

খেলা ভাঙ্গার খেলা

ভারতী মিত্র

এ গল্পের শুরু ১৯৫৮/৫৯ - এইরকম সময়ে - অর্থাৎ কিনা আমার ছেলেবেলায় – যখন আমি কলকাতার বালিগঞ্জ এলাকায় বড় হচ্ছিলাম |

শীলাদি এক ধমক দিল মোনাকে... "হচ্ছেটা কি? বারবার দেখিয়ে দিচ্ছি, তাও ভুল করছিস?"

মোনা কতকটা কাঁদো কাঁদো মুখে ঘরের এককোণে গিয়ে দাঁড়ালো।

"ও কী? সরে গেলেই হবে? আবার চেষ্টা করতে হবে না? এদিকে আয় বলছি!"

মোনাকে দেখে মনে হোল, এক্ষুণি ভ্যাঁক করে কেঁদে ফেলবে।

কেঁদে ফেলতও, যদি না আলপনাদি মাঝে পড়ে বাঁচিয়ে দিত। স্বভাবসিদ্ধ মিষ্টি অথচ দৃঢ় গলায় বলে উঠল আলপনাদি– "কিছুক্ষণের জন্য একটু ব্রেক দিলে ভাল হয় না? একটু নার্ভাস হয়ে গেছে মনে হয়।" বলেই মোনাকে দুহাতে বুকের মধ্যে জড়িয়ে নিয়ে একটু হেসে বল্লে, "আয় একটু জল খাবি আয়... এতক্ষণ ধরে প্র্যাক্টিস করে করে গলা শুকিয়ে গেছে নিশ্চয়!"

শীলাদি অগত্যা এবারে অন্য নাচের মেয়েদের দিকে মনোযোগ দিল। বেলাদি, যে কিনা তার ছোটবোন শীলার চাইতে অনেক বেশী বুঝদার, ব্যাপার দেখে স্রেফ একটু মুচকি হাসল। পাড়ায় পঁচিশে বৈশাখের প্রোগ্রামের জন্য রিহার্সাল চলছিল – ঋতুরঙ্গ - শীলাদি খুব ভালো নাচত, তাই সেই ড্যান্স ডিরেক্টর – আর তার দিদি, বেলাদি, গানের দিকটা দেখছিল।

আমরা সবাই শীলাদির মেজাজকে অল্পবিস্তর ভয় পেতাম। বেলাদিও সোজাসুজি প্রতিবাদ করতে সাহস পেত না সেটা দেখতাম। কিন্তু আলপনাদির ব্যাপারই আলাদা। সে কারোক্কেই পরোয়া করত না। অন্যায় হচ্ছে দেখলেই তৎক্ষণাৎ প্রতিবাদ করত।

আমাদেরই বাড়ির নিচের তলার দুটি ফ্ল্যাটে এরা ভাড়া থাকত... একতলায় বেলাদি, শীলাদি, তাদের চার ভাই এবং বাবা-মা। আর আমাদের দোতলার ফ্ল্যাটে থাকতেন জাঁদরেল অ্যাডভোকেট রায়চৌধুরী-মশাই, তাঁর ততোধিক জাঁদরেল মিসেস -মৃদুলা দেবী, মেয়ে আলপনা, আর দুই ছেলে নাড়ু আর বাবু।

আলপনাদিরা যখন আমাদের পাড়ায় প্রথম আসে তখনও সে স্কুল-পড়ুয়া। মোটা মোটা দুই বিনুনী ঝুলিয়ে স্কুলে যেত। অ্যাডভোকেট রায়চৌধুরী খুব মেজাজী লোক ছিলেন। তাঁর নিজের গাড়ীতে করে স্কুলের দোরগোড়ায় মেয়েকে পৌঁছে দিতেন... মেয়ের একা একা এদিক ওদিক হুটহাট করে ঘুরে বেড়ানো এক্কেবারে পছন্দ করতেন না। যথাসম্ভব চোখে চোখে রাখতেন মেয়েকে।

স্কুলের উঁচু ক্লাসে উঠেই আলপনাদি ঠিক করে ফেলেছিল যে সে ডাক্তারি পড়বে - দশের সেবায় জীবন উৎসর্গ করবে। বেলাদিরা যখন আমাদের একতলাটা ভাড়া নিয়ে এলো, আলপনাদি তখন অলরেডি মেডিকেল কলেজে প্রথম বছরের ছাত্রী।

তার সহজাত সপ্রতিভ হাবভাব যেন আরও এক মাত্রা পেয়েছিল ডাক্তারি কলেজে ঢুকে। সবসময়েই ব্যাস্তসমস্ত হয়ে ঘুরে বেড়াতো। যদি কেউ বলত, ভাবী ডাক্তারের মতই লাগছে তোকে, সে হেসেই উড়িয়ে দিত। খুর চটকদার চেহারা থাকা সত্ত্বেও সবসময় সরু পাড় সাদা শাড়ী পরত আলপনাদি – কেন, কেউ জানে না।

অসাধারণ আলাপী এহেন আলপনাদি একদিন একরকম ওপরপড়া হয়েই একতলার নতুন বাসিন্দাদের সঙ্গে আলাপ করতে চলে গেল - হাতে একটি সুন্দর ট্রে - তাতে বেশ কয়েকটি পাটিসাপ্টা - একটি লেসের সুদৃশ্য রুমালে ঢাকা। জ্যাঠাইমা, মানে বেলাদির মা, খুবই খুশি হয়ে আপ্যায়ন করে আলপনাদিকে বসিয়েছিলেন। বেলাদি আর শীলাদিও এসে বসেছিল, কথা বলেছিল, কিন্তু ছেলেরা যে যার এদিক-ওদিক লুকিয়ে ছিল, সামনাসামনি আসেনি। শীলাদির পরের ভাই সৌরীনের সঙ্গে তাই আলপনাদির তেমন ভাবে রীতিমত আলাপ কখনও হয়নি। তবে আলাপ হোল, একটু অস্বাভাবিক ভাবেই, সেই কথাতেই আসছি।

একদিন হুড়মুড় করে স্বভাবসিদ্ধ গতিতে একপ্রকার ছুটেই সিঁড়ি দিয়ে নামছিল আলপনাদি… আর সৌরীনদা উঠছিলেন সিঁড়ি বেয়ে আমার বাবার সঙ্গে দেখা করতে – বাবা ডেকেছিলেন কী এক বিশেষ কারণে। হঠাৎ এক আচমকা কলিশনে সৌরীনদার চওড়া বুকের মধ্যে আকস্মিকভাবে প্রায় সেঁধিয়ে গিয়ে আলপনাদির মত স্মার্ট মেয়েও লজ্জায় লাল হয়ে উঠেছিল – কপালে দেখা দিয়েছিল বিন্দু বিন্দু ঘাম – ওঃ সরি! আ – আ – আমি দেখতেই পাই নি!

রিফ্লেক্স অ্যাকশনে নিজের অজান্তেই দুহাতে জড়িয়ে ধরেছিল মেয়েটিকে সৌরীনদা – এখন আস্তে করে হাত সরিয়ে নিয়ে এমনভাবে হাতদুটি ওপরদিকে ছড়িয়ে দিল, যেন কেউ ওর দিকে বন্দুক তাগ করে 'হ্যান্ডস আপ" বলেছে। হেসেও ফেলল – বলল, "এত হুটোপাটি করে নামলে কি আর দেখা যায় কেউ ওপরে উঠছে কি না?"

আলপনাদি ততক্ষণে নিজের অপ্রতিভ ভাবটা সামলে নিয়েছে – পালটা চার্জ করলে, "আপনিও তো দেখতে পারতেন, কেউ আসছে কি না… "

"হুম, আপনিই কিন্তু উড়ে এসে আমার ওপর পড়লেন… আমি আস্তেই উঠছিলাম – এক পা এক পা করে।"

"অসম্ভব!"

"যাই হোক – আমি ঝগড়া করতে পারি না" হ্যান্ডশেকের হাত এগিয়ে দিয়ে বল্লে সৌরীনদা – "আমার নাম সৌরীন – আপনি আমাদের ওপরতলার বাসিন্দা, তাই না? মাঝে মাঝে শুনি আপনার পিয়ানো বাজনা।"

আলপনাদিও কম যায় না, হাত ধরে ঝাঁকিয়ে বল্লে – "হ্যাঁ আমি আলপনা – আপনাদের বাড়ীতে একবার গিয়েওছিলাম, কিন্তু আপনাকে ত দেখিনি!"

সৌরীন – "হ্যাঁ - আপনাকে দেখে তখনই ভয় পেয়েছিলাম, তাই লুকিয়ে পড়েছিলাম।"

সৌরীনের হাসি দেখে আর কথা শুনে গা জ্বলে গেছল আলপনাদির। "হুঁঃ" বলে পাশ কাটিয়ে চলে গেছল সেদিনকার মতন।

সেই শুরু।

তারপর থেকে মেইলবক্সের সামনে, সিঁড়ির মুখে, গলির মোড়ে, ট্রামরাস্তায়, এখানে-ওখানে প্রায়শঃই দেখা হতে লাগল দুজনের। একই পাড়ায় – উপরন্তু একই বিল্ডিংয়ে - থাকলে যা হয় আর কি!

প্রথম প্রথম তাচ্ছিল্যের দৃষ্টিতে একবার তাকিয়েই মুখ ঘুরিয়ে চলে যাচ্ছিল আলপনাদি, কিন্তু সৌরীনদার সহজ নির্মল হাসি, দুষ্টুমি ভরা চোখ এবং চটুল মন্তব্য খুব বেশীদিন অগ্রাহ্য করা সম্ভব হয়নি। আলপনাদিও চেষ্টা করত মুখের মতন জবাব দেবার। কিন্তু বেশীর ভাগ ক্ষেত্রেই অসফল হোত। তাতে বাহ্যত বিরক্তি প্রকাশ করলেও মনে মনে মজা পেত আলপনাদি, আর মহড়া দিতে থাকত – পরের দিন দেখা হলে কী বলবে। অর্থাৎ নিজের অজান্তেই পড়াশুনোর ফাঁকে ফাঁকে সৌরীনদার কথা মনের মধ্যে ঘুরপাক খেত।

সৌরীনদার জন্যে মহড়া দিয়েও অবশ্য কোনো লাভ হোত না। প্রতিদিনই এমন অভিনব কিছু না কিছু বলত সৌরীনদা, এমন সব মন্তব্য হাওয়ায় ছুঁড়ে দিত, যার উত্তর খুঁজে পেতে আলপনাদির মত স্মার্ট মেয়েকেও বেশ বেগ পেতে হোত।

এমন সময় ঘটল ঘটনাটা। উল্টোদিকের বাড়ীর সমীরণের কাকার হঠাৎ মধ্যরাত্রে স্ট্রোক হোল। পাড়ায় সোরগোল উঠল। ওই অত রাতেও সবার আগে এক ছুটে ঘটনাস্থলে হাজির হয়ে গেল যে লোকটি, সে কিন্তু সৌরীনদা। ঝট করে এক বন্ধুকে ফোন করে দিল – সে মিনিটের মধ্যে গাড়ী নিয়ে হাজির। সমীরণের কাকাকে তাই খুব তাড়াতাড়ি হাসপাতালে নিয়ে যাওয়া গেল এবং সে যাত্রা তিনি প্রাণেও বেঁচে গেলেন… স্বাস্থের তেমন কোনও স্থায়ী ক্ষতিও হোল না।

পাড়ার বয়োঃজ্যেষ্ঠরা সৌরীনদার প্রশংসায় পঞ্চমুখ হলেন – এতটা প্রত্যুৎপন্নমতিত্ব এর আগে তাঁরা কখনও দেখেননি একথাও বারবার বলতে লাগলেন। কিন্তু সবচাইতে ইম্প্রেসড হোল আলপনাদি। তার পর থেকে মাঝে মাঝেই এইরকম সব তাক লাগানো অর্থহীন অথচ স্বতঃস্ফূর্ত কান্ডকারখানা ঘটাতে লাগল সৌরীনদা। পাড়ার একটি বাচ্চা একটা উঁচু পাঁচিল থেকে পড়ে গেল, সৌরীনদা কোত্থেকে ছুটে এসে তাকে কোলপাঁজা করে বাড়িতে তার মায়ের কাছে পৌঁছে দিয়ে নিজেই গেল ডাক্তার ডাকতে। পঁচিশে বৈশাখে প্যান্ডেল বেঁধে অনুষ্ঠান হবে পাড়ায় – দেবব্রত বিশ্বাস আসবেন গান গাইতে। স্টেজ সাজাবার সরঞ্জাম আনতে সৌরীনদাই ছুটল বাজারে। পাড়ার জনাকয়েক ছেলেছোকরা মিলে স্টেজ সাজালো সে রাতে, তাও সেই সৌরীনদার নেতৃত্বেই।

কার বেড়াল গাছের মগডালে উঠেছে, তাকে মই ঠেসান দিয়ে আস্তে করে কোলে নিয়ে নামাতে সৌরীনদা। কার বাড়ীতে স্বামী- স্ত্রীর মধ্যে ধুন্ধুমার ঝগড়া বেধে গেছে, পাড়ার লোক নিজেদের বারান্দা থেকে মজা দেখছে, কিন্তু মধ্যস্থতা করে ঝগড়া থামাতে সৌরীনদা। এক রোববার পাশের পাড়ার ছেলেরা আমাদেরই পাড়ার ক্যাসানোভা বকুলদাকে তাদের পাড়ার মেয়েকে লাইন দেবার অভিযোগে হকি স্টিক নিয়ে দল বেঁধে মারতে এলো। ওই মারকুটে গুন্ডাদের মাঝখানে বড়রাও কেউ সাহস করলে না যেতে। কিন্তু সৌরীনদা অম্লানবদনে মাঝখানে পড়ে ছেলেটিকে বাঁচিয়ে দিল।

পরের দিন আলপনাদি অভিযোগ করলে, "হাতজোড় করে গুন্ডাগুলোর কাছে ওই বখাটে ছেলেটার জন্য ক্ষমা চাইতে লজ্জা করল না আপনার? নাহয় খেতই কয়েক ঘা – ওর মত ছেলের মার খাওয়াই দরকার।"

"নাঃ – দুচার ঘা মার খাওয়া এক কথা আর হকিস্টিকের বাড়ি খেয়ে মাথা ফেটে হাসপাতালে পড়ে থাকা অন্য ব্যাপার। আমি বেঁচে থাকতে আমার পাড়ার কারুর ওরকম ক্ষতি হতে দিতে পারিনা।"

"ওফ!" বলল আলপনাদি, "আপনার সবতাতেই বেশি বেশি" – কিন্তু যেরকম মুগ্ধদৃষ্টিতে তাকালো তাতে

বোঝাই গেল, সৌরীনদার ব্যবহারে সে বিরক্ত ত নয়ই, বরং গর্ব অনুভব করছে।

এইভাবেই আস্তে আস্তে ঘনিষ্ঠ হয়ে উঠতে লাগল এই দুটি যুবক-যুবতী। আমার যদিও তখন বছর দশেক বয়েস, এবং রাহুল দেব বর্মণ তার বহু পরে, অন্ততঃ বছর আষ্টেক পরে, তাঁর "মনে পড়ে রুবি রায়" গানটি গেয়ে সবার মন জয় করেছিলেন, এমনকি ফ্র্যাঙ্কি ভ্যাল্লিও তার "মায় আয়স অ্যাডোরড ইউ " গানটি রচনা করেছিলেন এ ঘটনার বছর ছয়েক পরে, কাজেই এসব গানের কোনো কথা সেই সময়ে আমার মনে পড়ার কথা নয়, কিন্তু খুব মিষ্টি লাগত আর মনটা কেমন আনন্দে নেচে উঠত যখন দেখতাম বিকেল গড়িয়ে সন্ধ্যে হয়ে আসছে আর আলপনাদি তার ক্লান্ত পা-দুটি টেনে টেনে আস্তে আস্তে হেঁটে মেডিকাল কলেজ থেকে বাড়ি ফিরছে – আর তার পাশে পাশে গল্প করতে করতে হেঁটে আসছে সৌরীনদা – কাঁধে তার আলপনাদির ভারী ব্যাগখানা – ডাক্তারী বইপত্তরে বোঝাই।

বড় হয়ে যাবারও অনেক পরে, যখনই আলপনাদি আর সৌরীনদার কথা মনে পড়ত তখনি গানদুটির কথাগুলি – রাহুলের "বাস থেকে তুমি যবে নাবতে, একটি কিশোর ছেলে একা কেন দাঁড়িয়ে – সে কথা কি কোনও দিন ভাবতে" – কিংবা ফ্র্যাঙ্কি ভ্যাল্লির – "ক্যারিড ইয়োর বুকস ফ্রম স্কুল অ্যান্ড আই মেড বিলীভ ইউ আর ম্যারিড টু মী" ...ইত্যাদি।

আমি সম্ভবতঃ ছোটবেলা থেকেই একটু রোমান্টিক ধরণের ছিলাম। তাই এই দুটি মানুষ, যাদের আমি খুব ভালবাসি, তারা পরস্পরের প্রেমে পড়ে গেছে দেখে আমার কেমন এক অপার আনন্দ হোত।

বলাই বাহুল্য, সারা পাড়া ঐ সময়টায় ওদের এই প্রেমের কহানী নিয়ে গুজগুজ ফুসফুস চালাচ্ছিল। অ্যাডভোকেট রায়চৌধুরীর কানেও ক্রমে ক্রমে উঠে পড়ল কথাটা। তারপরে মাঝে মাঝেই আমাদের দোতলা থেকে ঝগড়াঝাঁটি, চেঁচামেচির আওয়াজ কানে আসত। আলপনাদিকে বাবা মা দুজনে মিলেই বকছেন আর সেও ছেড়ে দেবার পাত্রী নয় – সেও একদফা পালটা জবাব দিচ্ছে – এবং তারপরই ধুপধাপ দরজা বন্ধ হবার আওয়াজ – বোঝা যেত শেষ পর্যন্ত আলপনাদি রণে ভঙ্গ দিয়ে ছুটে গিয়ে রাগ দেখিয়ে নিজের শোবার ঘরের দরজা শব্দ করে বন্ধ করছে।

পরের দিন আলপনাদি কলেজ যেত যখন, দেখতাম কান্নায় দুচোখ ফোলা – এবং তা ঢাকতে অনেক সময় মেঘলা দিনেও রোদচশমা পরে বেরোত সে। বড্ড কষ্ট হোত। মাকে বলেছিলাম, "মা, বলো না গিয়ে কাকাবাবু আর কাকিমা্কে বুঝিয়ে..." কিন্তু আমার মা বলতেন ওদের পারিবারিক ব্যাপার থেকে আমাদের সবার দূরে থাকাই ভালো।

যথা সময়ে আলপনাদি ডাক্তারী পাশ করল। পাড়ার সবাই আশা করেছিল, অ্যাডভোকেট রায়চৌধুরী হয়ত ধুমধাম করে পার্টি দেবেন। কিন্তু কার্যত দেখা গেল সে সব কিছুই হোল না। আমি মায়ের আপত্তি না মেনে একদিন ভয়ে ভয়ে কুঁই কুঁই করে জিজ্ঞেস করেছিলাম, "ব্যাপার কি?" আলপনাদি গম্ভীর গলায় বলেছিল, "ব্যাপার আর কি হবে? মা-বাবার মত নেই। সৌরীন স্কুল পাশ করেছে এবং বছর দুয়েক সিটি কলেজে পড়েছেও, কিন্তু পাশ তো করতে পারেনি। চাকরী নেই বাকরী নেই, চাকরী পাবার সম্ভাবনা বা ইচ্ছেও নেই - শুধু পরোপকার করে তো আর পেট চলে না!"

আমি ততদিনে তের বছরেরটি হয়েছি, খানিকটা বুঝতেও শিখেছি। বল্লাম, "তা তুমি যখন জাঁকিয়ে ডাক্তারী করবে তখন ত তোমার চাকুরে বরের কোনও দরকার করবে না। তুমি ত তখন একাই একশো!"

আলপনাদি বলল, “সে কথা বাবাও জানে, কিন্তু এক্ষুণি তো আর তা হচ্ছে না।”

বল্লাম – “তা একমাত্র মেয়েকে কাকাবাবু কেরিয়ারের প্রথম দিকে কয়েকটা বছর নাহয় সাপোর্ট করলেনই বা। তাতে ক্ষতি কি?”

“কি জানি, বাবার জাস্ট জামাই হিসেবে ওকে পছন্দই হয়নি। কোন রাজপুত্তুরের আশায় যে বাবা বসে আছে তা কে জানে!”

“তো, তাহলে কী করবে এখন তোমরা?”

“জানিনা। এসব কথা অন্য কারুর সঙ্গে আলোচনা করিস নি যেন! খুব পাকু হয়ে উঠেছিস আজকাল।“

একটু দুঃখ পেয়েছিলাম। আলপনাদি কি জানেনা, আমি তাকে এবং সৌরীনদাকে এক্কেবারে নিজের মনে করি? নিজের মানুষজনের সম্বন্ধে কেউ কখনও বাইরের লোকের সঙ্গে আলোচনা করে নাকি?

এরই মাস চারেকের মাথায় জানা গেল হঠাৎ আলপনাদি বাড়ী থেকে নিখোঁজ। আগের দিন বন্ধুর বাড়ীতে পার্টি আছে, ফিরতে রাত হবে, বলে বাড়ীর চাবি নিয়ে গেছল। কিন্তু পরের দিন সকাল থেকে ওকে কোত্থাও পাওয়া যায়নি। বাড়ীতে ত ফেরেই নি। শুনে প্রথমেই মনে হয়েছিল, সৌরীনদাকে ব্যাপারটা জানানো দরকার। কেউ পারলে সেই পারবে সাহায্য করতে। কাউকে কিছু না বলে এক দৌড়ে নিচে একতলায় নেমে গেছলাম।

সৌরীনদাদের ফ্ল্যাটের দরজায় কড়া নাড়তে জ্যেঠাইমা এসে গম্ভীর মুখে দরজা খুলে দিলেন। বল্লাম, “সৌরীনদা কোথায়?” জেঠাইমা মুখে আঁচল চাপা দিয়ে উদ্গত কান্না রুখতে ভেতরে চলে গেলেন। জেঠু বেরিয়ে এলেন। আমাকে দেখে রুক্ষগলায় বল্লেন,“কেন? সৌরীনকে তোমার হঠাৎ কি দরকার পড়ল, ডেঁপো মেয়ে!?”

আমি ত অবাক! আমতা আমতা করে বল্লাম, “আসলে আলপনাদিকে পাওয়া যাচ্ছে না ত, তাই ভাবলাম… “

জেঠুকে এত রেগে যেতে কোনওদিন দেখিনি – রাগে মুখ লাল করে কী একটা বলতে গেলেন, কিন্তু কিছু না বলে দুম করে আমার মুখের ওপর দরজাটা বন্ধ করে দিলেন। আমার গলায় কান্না আটকে এল। এমন রূঢ় ব্যবহার এর আগে আমার সঙ্গে পাড়ার কেউ করেনি। ছুট্টে ওপরে গিয়ে নিজের ঘরের বিছানায় শুয়ে কাঁদতে লাগলাম। একটু পরে মা ঘরে ঢুকে সব শুনে বল্লেন, “আলপনা সম্ভবতঃ সৌরীনের সঙ্গেই পালিয়ে গেছে, কারণ সৌরীনও নাকি গতকাল রাত থেকে বেপাত্তা।“

শুনে আনন্দে, উত্তেজনায় বিছানায় উঠে বসলাম। মা বল্লেন, “বুঝতে পারছি তুমি এ-ব্যাপারে খুশী হয়েছ, কিন্তু একথা কিন্তু কাউকে জানানো চলবে না যে তুমি খুশী হয়েছ, এমনকি বাবাকেও নয়। ব্যাপারটা কিন্তু খুবই গুরুতর। তুমি যেমন রোম্যান্টিক অ্যাঙ্গেল থেকে ব্যাপারটা দেখছ, তেমন কিন্তু আর কেউ দেখবে না। তাই তোমাকে এইসব আলোচনার মাঝে গম্ভীর মুখে চুপ করে থাকতে হবে। বুঝেছ? এর যেন অন্যথা না হয়!”

মায়ের শাসানি উপেক্ষা করি এমন সাহস নেই। ভয়ে ভয়ে জিজ্ঞেস করলাম, “আচ্ছা মা, ওরা কি বিয়ে করবে?”

“তাই ত মনে হয়। তা না হলে আর পালাল কেন? দুপক্ষেরই বাড়ির মত ছিল না বলেই তো পালিয়ে গেল।”

কদিন পরে কানাঘুষোয় জানা গেল – আলপনাদির নামে ব্যাঙ্কে অ্যাডভোকেট রায়চৌধুরী নাকি অনেক টাকা জমা রেখেছিলেন, আলপনাদি তার সবটাই তুলে নিয়ে লন্ডন চলে গেছে সৌরীনদার সঙ্গে। তলে তলে সব জোগাড়যন্ত্র করে রেখেছিল আগে থাকতে – কাউকে কিচ্ছু জানতে দেয় নি। শুনে গর্বে, আনন্দে আমার নাচতে ইচ্ছে করছিল। তখন মায়ের শাসানিতে পাড়ার লোকজন ওদের বিরুদ্ধে কিছু বললেও কষ্ট করে চুপ করে থাকতাম। শুধু একবার মোনা কি যেন অপমানজনক একটা কথা বলেছিল আলপনাদির নামে, মনে আছে কষে এক চড় মেরেছিলাম, আর তাই নিয়ে মোনার সঙ্গে বহুদিনের জন্য আমার সম্পর্কটা একেবারেই চিড় খেয়ে গেছল।

এরপর বেশ কিছু বছর কেটে গেছে। আমি তখন কলেজে। একদিন দরজায় কলিং বেল শুনে ছুটে গিয়ে খুলে দিলাম। আমার এক কলেজের বন্ধুর পড়তে আসবার কথা ছিল। দেখি আলপনাদি দাঁড়িয়ে আছে একটি বছর তিনেকের ফুটফুটে বাচ্চা মেয়ের হাত ধরে – পরণে লাল শাড়ী -কপালে সিঁদুর – অপরূপ মূর্তি। চেঁচিয়ে উঠে জড়িয়ে ধরলাম। আলপনাদি হাসতে হাসতে ভেতরে চলে এলো সেই আগেরই মত – ইনফরমাল – আন্তরিক – মেয়ের সঙ্গে আলাপ করিয়ে দিল – ইলোরা – নাকি সৌরীনদার দেওয়া নাম। বল্লাম, “কই সৌরীনদা আসেনি?” “না রে - ও নতুন চাকরী পেয়েছে – ছুটি পেল না। এর পরের বার নিশ্চয় আসবে।” জিজ্ঞেস করতে সাহস হোল না, কী চাকরী করছে সৌরীনদা। খানিক পরে আলপনাদি নিজেই বল্ল – ওরই হাসপাতালে নার্সের কাজ করছে। “সব সময় মানুষের সেবা করতে চাইত যে লোক, তার পক্ষে এর চাইতে ভালো কাজ কী হতে পারে, বল?”

“তাহলে আবার নতুন করে কলেজে গিয়ে নার্সিং শিখতে হয়েছে বলো? “অবশ্যই – তবে চার বছর লাগল। একটু কষ্ট করতে হোল আমাদের, বিশেষ করে এরই মধ্যে ইলোরাও এসে গেল কিনা। কিন্তু এবারে একটু সুখের মুখ দেখা যাবে। তারপর – তোর কথা বল? কলেজ কেমন লাগছে? কেমন উড়ছিস? বয়ফ্রেন্ড হোল?”

“নাঃ”

“এত সুন্দরী হয়েছিস, এখনো ছেলেরা পিছু নিচ্ছেনা?”

কি আর বলি? অধোবদনে চুপ করে রইলাম। আলপনাদি ওদের তিনজনের ছবি দেখালো – লন্ডনে ওদের অ্যাপার্টমেন্টের সামনে তোলা। সৌরীনদাকে ছবিতে খুব হ্যাপি দেখাচ্ছিল।

এর পরের বার যখন এলো আলপনাদি, আমি তখন সবে কলেজ পাশ করে চাকরী খুঁজছি এবং পেতে দেরী হচ্ছে বলে গোটা দুয়েক প্রাইভেট টিউশনি করছি। এবারে দেখলাম আবার সেই আগের মতন সরুপাড় সাদা শাড়ী পরণে। মুখখানা শুকনো। রায়চৌধুরীরা বহুদিন যাবৎ বেহালায় নিজেদের বাড়ী করে উঠে গেছলেন এবং পাড়ার কারোর সঙ্গে কোনও সংস্পর্শ রাখেননি। তাই আলপনাদির খবর একমাত্র আলপনাদি নিজে এলে তবেই পেতাম। আসত স্রেফ এ-পাড়ার সবার সঙ্গে দেখা করতে।

এবারে এসে বল্ল, “বাঁচাতে পারলাম না, জানিস, অনেক চেষ্টা করেছিলাম। একটা রেয়ার জেনেটিক ডিসীস – জানতাম না।”

আমি হাঁ করে তাকিয়ে রইলাম। আমার হতবাক মুখের দিকে চেয়ে বলল, “আসলে তোকে প্রমিস করেছিলাম

না – তোর সৌরীনদাকে এবার নিয়ে আসব – তা আর হোল না। তোকে খুব ভালবাসত, জানিস?”

কোনও মতে ধরা গলায় বল্লাম, “কবে হোল এটা? কি করে হোল? তুমি এখন কি করবে?”

হেসে বল্ল, “দাঁড়া দাঁড়া, এক এক করে উত্তর দিই। এই মাসছয়েক আগে চলে গেল – তার আগে বেশ কিছুদিন যুঝেছে। খুব কষ্ট হোত দেখলে। অসহায় লাগত, কারণ কিছুই করতে পারতাম না। শেষের দিকে চাইছিলাম, চলে যাক, বিশেষ করে যখন বুঝতে পারলাম আমাদের আর কিছু করার নেই। লন্ডনের সব বড়বড় ডাক্তাররা ফেল পড়ে গেল, বুঝলি?” একটু থেমে বল্ল, “আর আমার কথা বলছিস? আমি ঠিকই থাকব। ইলোরাকে মানুষ করব। তাছাড়া আমার ডাক্তারী ত আছেই।”

বলেছিল ইলোরাকে নিয়ে আসবে একদিন লন্ডনে ফিরে যাবার আগে। সে সুযোগ আর হয়নি।

আনন্দ আশ্রয়

বিকাশ দাস

বন্ধু আমার অনেক

স্থান কাল পাত্র ভেদে,

প্রত্যেকেই অনবদ্য, বন্ধুরা আমার |

সে সময় চাকরির আকাল,

চাকরি পাওয়া ভার |

চেষ্টা চালিয়ে যাই - মেলে না,

হায় কোথা স্বান্ত্বনা !

কোনো এক দিন

ক্লান্ত হয়ে বাড়ি ফিরে

বাবাকে জানাই

চাকরিটা হলো না ,

চুপ করে থাকে বাবা,

শুকনো মুখ, দু চোখে জলের ধারা,

বাবা যে বন্ধু আমার - বুঝেছি তখন||

নানা কাজের মাঝে,

ছোট বোন খুশি আসে, খিল খিল হাসে,

বলে, দাদা খেলো না আমার সাথে - লুকোচুরি খেলা,

অন্য কেউ খেলে না যে - আমি একা,

বোনটি আমার বন্ধু হয়ে গেল |

দাদার খেলার বল,

আচমকাই ফেলে দিই পুকুরের জলে,

দাদা যায় রেগে মারধর করে,

রাতে বিছানার পাশে দাদা এসে বসে

বলে, আমু,বড্ডো লেগেছে নারে?

আমি বলি নাগো দাদা লাগেনি আমার

বন্ধু পেলাম আবার ||

অন্য কোনো দিন রান্না ঘরে, উঁকি মেরে

দেখি - মার্ আধ-খাওয়া পাতে

মাছ নেই তাতে,

তবু প্রসন্ন মুখ, সুখ দুঃখে অবিচল -

আমার বন্ধু হয়ে মাগো থেকো চিরকাল ||

বয়স হয়েছে, কম দেখি চোখে

খাওয়ার সময়, সে আমার পাশে

কাঁটা বেছে চলে, পরম যতনে -

নিষ্কন্টক হতে হবে সুস্থ জীবনে,

সে যে অভিন্না বান্ধবী ||

ধরিত্রীর ভিন্ন ক্ষেত্রে, ভিন্ন প্রান্তে,

বিরাজিত বন্ধুরা আমার,

আনন্দের উৎস তারা,

বেঁচে থাকার মন্ত্র তারা জানে

সুখ দুঃখে ঘেরা, হাসি কান্নার এই পৃথিবীতে -

আমাদের পাশে, থেকে যাবে চিরদিন

আনন্দ আশ্রয় ||

আচার্য প্রফুল্লচন্দ্র রায় (১৮৬১-১৯৪৪)

দেবাশিস বন্দ্যোপাধ্যায়



সারা বিশ্বে তথা ভারতবর্ষে আচার্য প্রফুল্লচন্দ্র রায়ের রসায়ন বিদ্যার যে বিশাল অবদান সে আলোচনা করার ক্ষমতা বা শাস্ত্রাধিকার আমার নেই। তবে তাঁর কিছু লেখা পড়ে মনে হয়েছে তিনি ছিলেন একজন নির্ভীক, যুক্তিবাদী ও স্পষ্টবক্তা। অপ্রিয় সত্য বলতে তিনি কখনও দ্বিধা করতেন না। এই নিয়ে একটু আলোচনা করা যাক।

স্পষ্টবক্তা আচার্য প্রফুল্লচন্দ্র রায়

যুক্তিবাদী ও মুক্ত চিন্তার পদাতিক আচার্য মহাশয় প্রায়ই কিছু অপ্রিয় সত্য কথা বলতেন, এবং জানতেন এতে কিছু লোক চটে যাবে। দু একটা উদাহরণ দেওয়া যাক। তাঁর লেখা বিখ্যাত দু খন্ডের হিন্দু রসায়নশাস্ত্রের ইতিহাসে তিনি মনু আর শঙ্করাচার্যকে কাঠগড়ায় দাঁড় করিয়েছেন । বইটির পাদটীকায় তিনি লেখেন শঙ্করাচার্যের মায়াবাদ প্রচারের ফলে অনেক মানুষের মধ্যে থেকে পদার্থ জগৎ সম্বন্ধে জানা ও বোঝার আগ্রহই চলে গেল*। আবার মনু বিধান দিলেন যে মৃত ব্যাক্তিকে স্পর্শ করা পাপ। যাবতীয় শবই অস্পৃশ্য। এদিকে আমাদের সুশ্রুত সংহিতায় আছে মানুষের শরীরবৃত্ত জানার জন্য শবব্যবচ্ছেদ এক অতি জরুরী প্রক্রিয়া (আচার্য লিখেছেন "..According to Sus*ŕ*uta, the dissection of dead bodies is a ***sine quâ non*** to the student of surgery.." অর্থাৎ শল্যবিদ্যার শিক্ষার এক অতি প্রয়োজনীয় ও আবশ্যিক বিষয় হল শবব্যবচ্ছেদ। কিন্তু মনুর বিধান!! তাকে তো আর খণ্ডন করা যায় না। প্রফুল্লচন্দ্র রায় মনে করতেন যে এক প্রকার বাধার সম্মুখীন হল প্রাচীন ভারতের শল্যবিদ্যা ও পদার্থ বিজ্ঞানের অগ্রগতি। যদিও মনুর বিধান বা শঙ্করাচার্যের মায়াবাদের ফলে প্রাচীন ভারতের বিজ্ঞানের অগ্রগতি বাধা পেয়েছিল বলে সেরকম কোন পাথুরে প্রমাণ নেই।

জাতপাত নিয়েও তাঁর বক্তব্য খুব পরিষ্কার। প্রাচীন ভারতে মানুষের শ্রম এবং দক্ষতার ভিত্তিতে এর শুরু। কিন্তু অস্তগামী বৌদ্ধ যুগের পর ব্রাহ্মণ্যবাদের যেন নতুন করে এক উত্থান (de novo) হল, ব্রাহ্মণ পুরোহিতদের আধিপত্য জারি করতে এক নতুন জাতপাত তৈরী হল - মানুষের দক্ষতার ভিত্তিতে নয় বরং তার জন্ম আর ঠিকুজি-কুলের ভিত্তিতে। আবার মার খেল প্রাচীন ভারতের বিজ্ঞানের অগ্রগতি।

মেঘনাদ সাহার "আচার্য স্মৃতি" থেকে একটা মজার ঘটনার কথা জানতে পারি: "স্যার পি, সি, রায় একবার পঞ্জাব বিশ্ববিদ্যালয়ে হিন্দু রসায়ন সম্পর্কে ভাষণ দেবার জন্য নিমন্ত্রিত হন। প্রাচীন সংস্কৃত সাহিত্য থেকে আহরণ করে তিনি দু'খন্ডে তাঁর সুবৃহৎ 'হিন্দু রসায়ন শাস্ত্রের ইতিহাস' রচনা করেছেন। এই গ্রন্থ তাঁর রসায়নশাস্ত্রে ও প্রাচীন ভারতের ইতিহাসে সুগভীর পান্ডিত্যের পরিচায়ক। বহু পরিশ্রম করে তিনি বিজ্ঞানক্ষেত্রে ভারতের দান - যা প্রায় লুপ্ত হয়ে গিয়েছিল, তাই পুনরুদ্ধার করে জগতের সামনে প্রকাশ করেন। লাহোর বিশ্ববিদ্যালয়ের সেই ভাষণ সভায় স্থানীয় কলেজের একজন অল্পবয়স্ক ইংরাজ অধ্যাপকও ছিলেন। তিনি তখন সবে ভারতবর্ষে এসেছেন। এখানকার সভ্যতায় বিশেষ আকৃষ্ট হননি। স্যার পি, সি, রায় প্রাচীন হিন্দুদের রাসায়নিক প্রক্রিয়া ও সেই যুগের যন্ত্রপাতি সম্বন্ধে ছবি এঁকে ব্যাখ্যা করছিলেন। কতকগুলি মাটির ভান্ডের ছবি, যাহার নীচে জ্বাল দিয়ে উর্ধ্বপাতন প্রক্রিয়া দ্বারা (sublimation) মকরধ্বজ ইত্যাদি তৈয়ারি করা হয়।

ইংরেজ যুবকটি তাচ্ছিল্যভরে নাক সিঁটকাচ্ছিলেন এবং হাসি সম্বরণ করতে পারছিলেন না। আচার্যদেব তা লক্ষ্য করে বিরক্ত হয়ে উঠলেন। যন্ত্রপাতির ব্যাখ্যা শেষ করে হাতে এক ডেলা মকরধ্বজ নিলেন। মকরধ্বজ হল রিসাব্লাইমড মার্কিউরিক সালফাইড। কবিরাজরা এখনও সেই প্রাচীন নিয়মেই মকরধ্বজ প্রস্তুত করেন। অনেক য়ুরোপীয় চিকিৎসকেরাও তা ব্যবহার করে থাকেন। বাংলা সরকারের সার্জেন জেনারেল স্যার পার্দি লুকিস অনেক সময় তাঁর রোগীদের উত্তেজক ঔষধ হিসাবে মকরধ্বজ খেতে দিতেন। মকরধ্বজের ডেলা হাতে নিয়ে তিনি বললেন - "বন্ধুগণ, আজ হতে দু হাজার বছর পূর্বে সেকেলে যন্ত্রপাতির সাহায্যে ভারতবাসীরা এই অপূর্ব ঔষধ প্রস্তুত করে মানবের কল্যাণার্থে ব্যবহার করেছেন, রোগে শান্তি দিয়েছেন - এখনকার উন্নতর যন্ত্রপাতির সাহায্যেও এর চেয়ে বিশুদ্ধ Resublimed mercuric sulphide তৈয়ারি হয়নি। হিন্দুরা সামান্য মাটির ভান্ডে এরূপ বিশুদ্ধ রাসায়নিক দ্রব্য তৈয়ারি করেছিলেন কোন্ সময়ে - প্রায় হাজার বছর পূর্বে যখন আমার ঐ বন্ধুটির (ইংরাজ যুবকটিকে দেখিয়ে) পূর্বপুরুষেরা পশুচর্মে লজ্জা নিবারণ করতেন এবং বন্য ফল খেয়ে জীবনধারণ করতেন।" এই কথা বলা মাত্র ভারতীয় শ্রোতারা করতালি দিয়ে উঠল। তরুণ ইংরেজ অধ্যাপক যুবকটি লজ্জায় লাল হয়ে সবেগে ঘর থেকে ছুটে পালালেন। পরে তিনিই স্যার পি, সি, রায়ের বিশেষ গুণগ্রাহী হয়ে পড়েন।"

ছেলেবেলা ও শিক্ষালাভ

১৮৬১ সালে কপোতাক্ষ নদীর তীরে রাড়ুলি কাঠিপাড়া গ্রামে (অধুনা বাংলাদেশের খুলনা জেলায়) জন্ম প্রফুল্লচন্দ্র রায়ের। লেখাপড়া শুরু গ্রামের পাঠশালায়, তারপর কলকাতায় এসে প্রথমে হেয়ার স্কুল ও পরে আলবার্ট স্কুলে ভর্তি হন। ১৮৭৯ সালে আলবার্ট স্কুল থেকে প্রবেশিকা পরীক্ষায় প্রথম বিভাগে পাস করেন। তারপর তিনি মেট্রোপলিটন ইন্সটিটিউশন (বর্তমানে বিদ্যাসাগর কলেজ) থেকে ফার্স্ট আর্টস ও এফ. এ পরীক্ষায় পাস (১৮৮১) করেন। প্রেসিডেন্সি কলেজে বি. এ পড়ার জন্য ভর্তি হন। সেই সময় গিলক্রাইস্ট বৃত্তি পরীক্ষায় সাফল্য লাভ করেন। বৃত্তি পেয়ে এডিনবার্গ বিশ্ববিদ্যালয়ে চলে যান। সেখান থেকে বি. এস-সি (১৮৮৫) এবং ডি. এস-সি (১৮৮৭) ডিগ্রি লাভ করেন। এই সময় (১৮৮৭) তিনি 'হোপ পুরস্কার' পান। দুঃখের বিষয় তাঁর ডি. এস-সি থিসিসটি এখন আর খুঁজে পাওয়া যায় না। তিনি রসায়ন বিভাগে কাজ শুরু করেন। তিনি তাঁর 'আত্মচরিতে' লিখেছেন 'লেবরেটরিতে গবেষণা এবং ইংরাজী, ফরাসি, জার্মান ভাষায় লিখিত রসায়নশাস্ত্র অধ্যয়ন - ইহাতেই আমার সময় কাটিতে লাগিল। ১৮৮৮ সালে স্বদেশে প্রত্যাবর্তন।

কর্মজীবন ও আবিষ্কার

বিদেশ থেকে ফিরে ১৮৮৯ সালের জুলাই মাসে তিনি সহকারী অধ্যাপক হিসাবে প্রেসিডেন্সি কলেজে অধ্যাপনার কাজ শুরু করেন। ১৮৯৫ সালে তাঁর

যুগান্তকারী আবিষ্কার 'মারকিউরাস নাইট্রাইট' সমগ্র বিশ্বে সাড়া ফেলে দেয় (এই বিষয়ে ১৮৯৬ Proceedings at Chemical Society-তে তাঁর গবেষণামূলক প্রবন্ধ প্রকাশিত হয়)। নাইট্রাইটস যৌগ নিয়ে তিনি ও তাঁর ছাত্ররা পরবর্তীকালে প্রচুর গবেষণা পত্র প্রকাশ করেছেন। ১৯১৮ সালে অধ্যাপক আর্মস্ট্রং প্রফুল্লচন্দ্রকে "Master of Nitrites' উপাধিতে ভূষিত করেন।

এরই মধ্যে চলতে থাকে দেশীয় ভেষজ নিয়ে গবেষণা। ১৮৯২ সালে ওষুধের কারখানা বেঙ্গল কেমিক্যাল এন্ড ফার্মাসিউটিক্যাল এর পত্তন করেন এবং ১২ই এপ্রিল, ১৯০১ সালে এই কারখানাকে লিমিটেড কোম্পানিতে পরিণত করেন। ১৯০৯ সালে প্রেসিডেন্সি কলেজের রসায়ন বিভাগের প্রধান অধ্যাপক পদে উন্নীত হন। প্রেসিডেন্সি কলেজ থেকে ১৯১৬ সালে অবসরগ্রহন করেন এবং কলিকাতা বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান কলেজে (Science College) রসায়ন বিভাগে 'পালিত অধ্যাপক' - রূপে যোগদান করেন। বাকি জীবনটা তিনি এই বিজ্ঞান কলেজেই কাটান। ১৯১৯ সালে রসায়নে শিক্ষকতা ও রসায়ন শিল্পের জন্য তিনি নাইট উপাধি লাভ করেন । ৭৫ বছর বয়সে 'পালিত অধ্যাপক' পদ থেকে তিনি অবসর গ্রহণ করেন। কলিকাতা বিশ্ববিদ্যালয় তাঁকে 'এমিরেটাস প্রফেসর পদে নিয়োগ করেন। এর মধ্যে বেঙ্গল কেমিক্যালের পরিচালনামন্ডলীদের সঙ্গে মতভেদের ফলে তিনি সভাপতির পদ ত্যাগ করে তাঁর সাধের কারখানা থেকে বেরিয়ে আসেন। ১৯৪৪ সালের ১৬ জুন তিনি শেষ-নিশ্বাস ত্যাগ করেন।

হিন্দু রসায়নশাস্ত্রের ইতিহাস (History of Hindu Chemistry)

ফরাসি রসায়নবিদ মঁসিয় বার্থলো (1827–1907) ছিলেন সে যুগের এক বিখ্যাত রসায়নবিদ। তিনি পশ্চিম দুনিয়ার রসায়নের প্রগতি নিয়ে প্রচুর গবেষণা করেছেন। বিশ্ব রসায়ন ইতিহাসের একজন শ্রেষ্ঠ পন্ডিত হিসাবে তাঁকে মান্য করা হয়। সেই বার্থলো একদিন রসায়নের ছাত্র প্রফুল্লচন্দ্রের কাছ থেকে ভারতবর্ষের প্রাচীন রসায়নের ইতিহাস সম্বন্ধে জানতে চাইলেন। জানতে চাইলেন প্রাচীন রসায়নে হিন্দুদের অবদান সম্বন্ধে। বার্থলোর একটি লেখা Journal Des Savants, Oct., 1897 প্রকাশিত হয়। সেখানে বার্থলো লিখছেন "….অতঃপর প্রফেসর রায়, প্রেসিডেন্সি কলেজ (কলকাতা), আমার দৃষ্টিগোচর করান যে বেশ কিছু নথিপত্র আমাদের পরীক্ষা করে দেখা কর্তব্য। এই পন্ডিতবরের মতে ত্রয়োদশ শতাব্দীর সংস্কৃতে লিখিত আলকেমি সংক্রান্ত গ্রন্থে কালো এবং লাল পারদের সালফাইড এবং ঔষধ হিসাবে ব্যবহৃত ক্যালোমেলের প্রস্তুত প্রণালীর নির্দেশাবলী রয়েছে।….”** বার্থলোর মূল ফরাসি লেখা প্রফুল্লচন্দ্র পাদটীকা হিসাবে উল্লেখ করেন তাঁর বইতে, এখানে তার একাংশ নিচে দেওয়া হল।

ছাত্র প্রফুল্লচন্দ্রকে বার্থলো সম্বোধন করলেন রসায়নের এক বিশিষ্ট পন্ডিত হিসাবে। প্রফুল্লচন্দ্র বার্থলোর দেওয়া এই সম্মানে শুধু খুশিই হন নি, এই সম্মানকে মাথা পেতে নিলেন এবং একটা লেখা (মূলত রসেন্দ্রসারসংগ্রহ থেকে) পাঠিয়েও দিলেন (April 1898) । বার্থলো সেই লেখা খুঁটিয়ে পড়ে দেখলেন; তাঁর মন্তব্য জানালেন এবং সঙ্গে তাঁর লেখা তিন খন্ডের আরব ও সিরিয়া দুনিয়ার মধ্যযুগের রসায়নের অবদানের ওপর বইও পাঠিয়ে দিলেন। প্রফুল্লচন্দ্র নেমে পড়লেন একটি বিশাল কাজে।

মেঘনাদ সাহার "আচার্য স্মৃতি" থেকে পাই : "স্যার পি, সি. রায় আমাদের বলতেন যে, অধ্যাপক বার্থিলোর অনুরোধে তিনি 'হিন্দু রসায়ন শাস্ত্রের ইতিহাস' রচনা করেন। এই গ্রন্থ রচনা করতে তাঁকে প্রায় আট-নয় বছর টানা পরিশ্রম করতে হয়েছিল। একজন পন্ডিতকে (হরিশ্চন্দ্র কবিরত্ন) দিয়ে সংস্কৃত সংগ্রহের মানে করাতেন, তারপর প্রাচীন প্রস্তুত-প্রণালীর সঙ্গে আধুনিক প্রণালী মিলিয়ে দেখতেন। ন'বছর ধরে এই অক্লান্ত

পরিশ্রমে তাঁর স্বাস্থ্য একেবারে ভেঙে যায়। তাঁর বন্ধু এবং চিকিৎসক নীলরতন সরকার তখন তাঁকে বাঁধা-ধরা নিয়মে থাকতে উপদেশ দেন এবং আরও বলেন যে, তাঁহার একটু Relaxation দরকার।"

মেঘনাদ সাহা ও আচার্য প্রফুল্লচন্দ্র রায়

প্রফুল্লচন্দ্র রায় ছিলেন অসম্ভব ছাত্রবৎসল। ছাত্রদের নিয়েই তাঁর সমগ্র জগৎ ও সংসার। ছাত্রদের মধ্যে মেঘনাদ সাহা, সত্যেন্দ্রনাথ বসুর নাম উল্লেখ করা যেতে পারে। তবে এই সব কৃতী ছাত্রদের হাতে তাঁকে মাঝে মাঝে নাকালও হতে হতো। মহাত্মা গান্ধীর চরকা সম্পর্কে চিন্তাভাবনা নিয়ে প্রফুল্লচন্দ্র খুব প্রশংসা করতেন এবং শেষ বয়সে, অধ্যাপনার কাজ থেকে অবসর নেওয়ার পর, তিনি গান্ধীবাদী হন। মেঘনাদ সাহা চিরকাল বিজ্ঞানের অগ্রগতির পূজারী। এই চরকা নিয়ে এলাহাবাদে মেঘনাদ সাহার সঙ্গে একবার লেগে গেল ঘোর তর্ক। শেষে বিরক্ত হয়ে প্রফুল্লচন্দ্র বললেন "তোমার সঙ্গে আর তর্ক করতে পারি না। তার চাইতে গাড়িটা বার করো, একবার নীলরতনের [ডঃ নীলরতন ধর] বাড়ি ঘুরে আসি।" মেঘনাদ সাহা ঠেস দিয়ে বলেলন, "এখন গাড়ি কেন? গরুর গাড়ি ডেকে দিই। "এই চরকা কাটা নিয়ে রবীদ্রনাথের সঙ্গেও তাঁর মতানৈক্য হয়। এই নিয়ে দুজনের মধ্যে কিছু উষ্ণ মত বিনিময়ও হয়। যদিও রবীন্দ্রনাথ ঠাকুর ও প্রফুল্লচন্দ্রের মধ্যে কখনও পারস্পরিক শ্রদ্ধার কোন অবনতি হয় নি।

মানবদরদী প্রফুল্লচন্দ্র রায়

শুধু রসায়নের গবেষক হিসাবে নয়, মানুষের কল্যাণে তিনি সারা জীবন নিজেকে উৎসর্গ করেন। তিনি অনাথ শিশুদের জন্য ট্রাস্ট গঠন করেছেন। ১৯২১ সালে পরপর দু-বছর ফলন না হওয়ায় খুলনা জেলায় দুর্ভিক্ষ দেখা দেয়। দুর্ভিক্ষপীড়িতদের জন্য রিলিফ কমিটি স্থাপন করেন ও আর্থিক সাহায্য দান করেন। স্বগ্রামে রাড়ুলিতে শিক্ষা পরিষদ স্থাপন করেন। এই পরিষদ থেকে ছাত্র ও বিধবারা যাতে সাহায্য পান সেজন্য তিনি ১০,০০০ টাকা দান করেন। সমস্ত সঞ্চিত অর্থ বিজ্ঞান কলেজের উন্নতির জন্য দান করে দেন। বিজ্ঞান কলেজে ১০,০০০ টাকা দিয়ে নাগার্জুন পুরস্কার প্রদান করেন। উত্তরবঙ্গের বন্যা দেখা দিলে প্রফুল্লচন্দ্রের তত্ত্বাবধনে রিলিফ কমিটি স্থাপন করা হয়। এই কমিটিতে যোগ দেন সুভাষচন্দ্র বসু, মেঘনাদ সাহা, ইন্দ্রকুমার সেনগুপ্ত এবং আরও অনেকে। কয়েক লক্ষ টাকা, ওষুধ ও খাদ্য সংগ্রহ করে বন্যাপীড়িতদের মধ্যে বিতরণ করা হয়। এইরকম বহু সমাজ সেবামূলক কাজে প্রফুল্লচন্দ্রকে আমরা দেখতে পাই।

বাংলার ভাষায় বিজ্ঞান শিক্ষার কথা তিনি বারবার বলেছেন। বাংলা ভাষায় তাঁর লেখা বইগুলোর মধ্যে 'খাদ্য-বিজ্ঞান' ও 'সরল প্রাণিবিজ্ঞান' আজও বিস্ময় জাগায়। তাঁর লেখা বাংলা বইয়ের সংখ্যা বাইশ। এর মধ্যে উল্লেথ করা যেতে পারে 'বাঙালির মস্তিক ও তাহার অপব্যবহার', 'জাতীয় মুক্তির পথে অন্তরায়', 'অন্নসমস্যা' ইত্যাদি।

তিনি সারাজীবন ধরে আমাদেরকে বলতে চেয়েছেন যে কুসংস্কার ত্যাগ করে যুক্তি দিয়ে, বুদ্ধি দিয়ে, বিজ্ঞানকে ভিত্তি করে খোলামনে জীবনের পথ চলো। জাতিভেদ, অস্পৃশ্যতা, বাল্যবিবাহ, পণপ্রথা, প্রভৃতি কুসংস্কারের বিরুদ্ধে তিনি আজীবন প্রতিবাদ করেছেন। স্কুল কলেজের ডিগ্রী লাভ করে ভালো চাকরি লাভ করা যেন বাঙালির একমাত্র উদ্দেশ্য - ব্যবসা বাণিজ্যের প্রতি বাঙালির অনীহাকে তিনি বারবার তুলে ধরেছেন।

তাঁর সম্বন্ধে শুধু একটা আফসোস থেকে যায় যে ১৯১৯ খ্রিষ্টাব্দে (যে বছর তিনি নাইট উপাধি পান) রাউলাট আইনের প্রতিবাদে জালিয়ানওয়ালাবাগে নিরস্ত্র মানুষের জমায়েতের ওপর যখন গুলি চললো, রবীন্দ্রনাথ ঠাকুর নাইট উপাধি ত্যাগ করলেন, কিন্তু প্রফুল্লচন্দ্র তাঁর সদ্যপ্রাপ্ত নাইট উপাধি কেন ত্যাগ করলেন না?

মানবদরদী, অকৃতদার এই শিক্ষক ও গবেষকের সারা জীবন ছিল তাঁর ছাত্রদের ঘিরে। যুক্তিবাদী বিজ্ঞানমনস্ক মানুষ তৈরী এবং বিজ্ঞানের প্রয়োগে মানুষের উপকার সাধনই ছিল তাঁর জীবনের ব্রত।

সংকলক: দেবাশিস বন্দ্যোপাধ্যায়

সংগ্রহ:

১. আচার্য প্রফুল্লচন্দ্র রায় (জীবন। কর্ম। রচনাসংগ্রহ) - ডঃ সন্তোষকুমার ঘোড়ই

২. বিজ্ঞানী প্রফুল্লচন্দ্র - শ্যামল চক্রবর্তী

৩. মননের মূর্তি (প্রফুল্লচন্দ্র রায় : মুক্তচিন্তার অজানা পদাতিক) - ডঃ রামকৃষ্ণ ভট্টাচার্য

৪. বাঙালির মস্তিস্ক ও তাহার অপব্যবহার - আচার্য প্রফুল্লচন্দ্র রায়

৫. জাতীয় মুক্তির পথে অন্তরায় - আচার্য প্রফুল্লচন্দ্র রায়

৬. History of Hindu Chemistry (Vol - I) – Prafulla Chandra Ray

৭. Life and Experiences of a Bengali Chemist – Prafulla Chandra Ray

*The Vádanta philosophy, as modified and expanded by Sa*m*kara, which teaches the unreality of the material world, is also to a large extent responsible for bringing the study of physical science into disrepute. (*Page 195, History of Hindu Chemistry by P.C.Ray*)

Cependant il serait nécessaire d'examiner certains documents qui m'ont été récemment signalés par une lettre de **Ray, professeur à Presidency College (Calcutta). D'après ce **savant**, il existe des traités d'alchimie, écrits en Sanscrit, remontant an XIIIE siècle, et qui renferment des préceptes pour préparer les sulfures de mercure noir et rouge et le calomel employés comme médicaments. (*Page 3, History of Hindu Chemistry by P.C. Ray)*



"They" as a Singular Pronoun"

Dhruba K. Chattoraj

I am seldom attracted to read beyond the newspaper headlines these days. However, a recent article in the op-ed section of The Washington Post with the title, – ""They' has been a singular pronoun for centuries. Don't let anyone tell you it's wrong," (https://www.washingtonpost.com/opinions/2021/10/21/they-has-been-singular-pronoun-forever-dont-let-anyone-tell-you-its-wrong/) caught my attention because of its academic nature, a refreshing departure from politics, violence, race, and social media issues that dominate the news world.

We all know that some pronouns, such as 'you', can be both singular and plural, depending on the context in which it is used. But if someone claims that 'they' can be used as a singular pronoun, I will bet a fortune that they are wrong. The author, Dr. Anne Curzan, professor of English and linguistics at the University of Michigan, gave a few examples that exposed my ignorance. The sentences sounded so proper that I thought you might be intrigued to also know that 'they' can indeed be singular! The examples are: "But to expose the former faults of <u>any</u> person, without knowing what <u>their</u> present feelings were, seemed unjustifiable"; "Alex is spending <u>their</u> senior year in Alaska"; "<u>A</u> serious runner replaces <u>their</u> shoes every few months"; and "My <u>neighbor</u> washes <u>their</u> car every day." Note, as Prof. Curzan pointed out, that "they" is used as a singular pronoun when the gender of the person is unknown or irrelevant.

In our professional life, we come across single author publications where the sole author refers to himself/herself as we/our and not I/my (e.g., we discovered/our hypothesis rather than I discovered/my hypothesis). Both uses are apparently acceptable since both are found in prestigious journals, but one sounds arrogant, and a touch of humility sometimes makes the argument more convincing. Though, I could be biased for not growing up in an "I"-based culture. Another more frequently encountered case is when we respond to comments from reviewers, who are almost always anonymous. These days the comments can be longer than the paper itself and sometimes it is quite tiring to refer to the reviewers throughout as she/he or s/he. A gender-neutral singular pronoun such as 'they' would be desirable.

Prof. Curzan did not say what prompted the discussion of the singular form of 'they' now, although she notes that 'they' has been used as singular pronoun since the time of Shakespeare. Lately, I have come to appreciate that the singular 'they' has a new use of great social significance. I have noticed that some people identify their gender-appropriate pronouns in their email signature. I was particularly intrigued when I saw that our NCI

Director included his pronouns at the bottom of his email (screenshot below).

Ned Sharpless, M.D. (he/him)
Director

I could not figure out why he must assure us that he carries a Y chromosome. A colleague who also identifies her gender as she/her in her email explained to me what the new element of email signatures is meant to convey.

According to her, sharing your pronouns is not required but it is a way to indicate that you are more inclusive of others, including members of the LGBTQ+ community, that do not identify with the gender they were assigned at birth. The link below further expands on the use of pronouns in the workplace.

https://www.thehrcfoundation.org/professional-resources/talking-about-pronouns-in-the-workplace

So, if someone uses "they/them/theirs" pronouns it simply means they do not identify within the binary "norms" of male or female gender. A non-binary person typically prefers gender-neutral pronouns such as the 'they/them' (e.g., "I know Sam. They work in the Accounting Department").

The timeliness and purpose of the "They" article could be to indirectly emphasize the importance of respecting gender identity. Whichever way an individual identifies himself/herself/themself, it is respectful to use their chosen pronouns. Many people who identify as nonbinary use 'they' and now the singular, nonbinary 'they', is here to stay.

In writing this short article I realized that pronouns matter more than I originally thought. It identifies an aspect of a person that their proper name does not. It also appears that a new social norm is developing where adding a few letters to your email signature can be an effective platform for sending a powerful message of support. For example, these days the NIH Director's emails end with:



This is Dr Collin's way of saying he supports vaccination and is also a way of leading by example.

Shall I use 'they' in singular form? Yes. From now on I will use 'they' when referring to people who identify as such. What do you have to lose by being inclusive and respectful of others?

হোয়াটস্‌এ্যাপ

গৌরীশঙ্কর মুখার্জ্জী

ঘুম থেকে উঠেও ঘুমের কাটেনা রেশ,
মাথায় রয়েছে ঘুমের আবেশ!
তবু এভাবেই উঠে,
মুখ ধুতে ধুতে,
ঢুলু ঢুলু চোখে,
মন চলে যায় হোয়াটসএ্যাপে।

মিডিয়া সোসাল,
আমাকে করেছে মাতাল।
ঘুম হয়নি গতকাল,
এখনও চোখে ঘুম একতাল,
হোয়াটস্‌এ্যাপ এখন এক হবি,
খুঁজে পাই নানান কথা ও ছবি!

একতাল ঘুম চোখে
হোয়াটস্‌এ্যাপে আঙুল ঘষে
দেখি সব মুচকি হেসে,
গিলে খাই সহস্রাধিক সুপ্রভাত,
যেন দুপুরের গরম ভাত।
মেসেজে আসে শুভেচ্ছাসহ ভালো থাকার উপদেশ,
তার সাথে ছোট বড় নানান আদেশ ।

এভাবেই কেটে যায় মিনিট থেকে ঘন্টা,
ধীরে ধীরে জমে যায় তরল মনটা,
অজান্তেই ভারী হয়ে যায় মাথাটা।

হারায় মনের চিন্তা শক্তি,
সঙ্কুচিত হয় মনের ব্যাপ্তি,
করিনা কিছু নতুন সৃষ্টি,
তবুও সরেনা হোয়াটস্‌এ্যাপ থেকে দৃষ্টি।

শব্দ

যশোমান ব্যানার্জী

রোজকার মতই
হারিয়ে যাওয়ার এলোমেলো ডাক
শহরের যানজটে বিলুপ্ত
কোন শিশু কিশোর বা কিশোরী
কোন যুবক বা যুবতীর
কোন বৃদ্ধ বা বৃদ্ধার
হারিয়ে যাওয়ার ডাক
হেড ফোনের গা পর্যন্ত পৌঁছেই
নিস্তব্ধ অবহেলায় ছড়িয়ে পড়ে রাস্তায়
শব্দও দরকারি, অদরকারি হয়
আর কিছু শব্দ
শুনেও শুনতে পায়না মানুষ
যেমন ভালবাসার শব্দ।

Our discourse*

Jayasree Basu

Not sure if you ever wore that sari
Colorful as it was, unlike your recent attire
I paused a little, asking, 'will you ever wear it?'
You grinned widely, 'Of course, it's from you!'

Not sure if you ever wore that sari
That your days were so numbered
you couldn't even guess!

But you came to me in my dream
Wearing that sari, your dense hair
With dark and gray shades, parted
And tied together like a schoolgirl,
Holding my hand, you urged
'Let us go near the river'!

So we went beside the river
The same river where we floated
So many little boats of our youthful chatters!
But alas, the river is different now
Shrunken by aged soils piled on the banks.
We spoke our words softly
No one heard us,
We spoke our words loudly

No one heard us,

The river paid no attention

The pedestrians ignored us,

The wind blew our words away

To the fading glows of the setting sun!

I smiled at you

You smiled at me

Everything has changed

Except our discourse

Except us!!

*In loving memory of a childhood friend lost to COVID.



দুই পোর্টল্যান্ডের কাহিনী (A tale of two Portlands)

মৌসুমী মোহারার

২০১৪ সালের জুলাই মাসে এক কনফারেন্স – এ পোর্টল্যান্ড Oregon যাবার সুযোগ হয়েছিল আর ২০২১ এর অগাস্ট মাসে গেছিলাম পোর্টল্যান্ড Maine। দুই পোর্টল্যান্ড শুধু অবস্থানের বিচারে (USAর পশ্চিম ও পূর্ব প্রান্তে) সম্পূর্ণ বিপরীতই নয়, দুটির সংস্কৃতির বৈপরীত্যও প্রবল লক্ষণীয়। প্রথমে পশ্চিমের পোর্টল্যান্ড এবং পরে পূর্ব পোর্টল্যান্ড এর অভিজ্ঞতা বলছি।

পশ্চিমের পোর্টল্যান্ডের সংস্কৃতিতে এশিয়ার প্রভাব বেশ প্রকট। শহরের মধ্যবর্তী বাগানগুলো তার সাক্ষ্য বহন করছে। সৌভাগ্য হয়েছিল Lan Su Chinese Garden, পোর্টল্যান্ড জাপানীস গার্ডেন এবং International Rose Test Garden উপভোগ করার। আর বিভিন্ন fusion cuisineএর স্বাদ ভুলবার নয়। এই পোর্টল্যান্ডের পশ্চিমে প্রশান্ত মহাসাগর আর পুবে Cascade mountain। কনফারেন্সের শেষে একটি tour নিয়েছিলাম। Sea to Summit কোম্পানির Columbia Gorge and Mt Hood Tours। সারাদিনের ট্যুর। হোটেল থেকে তুলে নিয়ে যাবে সকাল আটটায় আর হোটেল'এ ফিরিয়ে দেবে সন্ধ্যা বেলায়। প্রথম শুরু হলো বিস্তীর্ণ কলম্বিয়া river gorgeএর নান্দনিক দৃশ্য দিয়ে। এরপর অনেক ছোট ছোট জলপ্রপাত পেরিয়ে এলাম Multnomah Falls (one of North America's tallest year round waterfalls। ছবিতে দেখা যাবে এই জলপ্রপাতের বিশিষ্টতা। এরপর গেলাম Bonneville Dam salmon ladders and Oregon's largest fish hatchery। এরকম অভিজ্ঞতা আগে কখনো হয়নি। মৎস্য প্রিয় বাঙালীর মাছ চাষের দৃশ্য তো ভালো লাগবেই। মাছ চাষ দেখার পর গাড়ি চললো পীচ ক্ষেতের মধ্য দিয়ে। দ্বিপ্রাহরিক ভোজন এর জন্য থামলাম এক ছোট খাবারের জায়গায় যেখানে স্থানীয় ফল দিয়ে বানানো খাবার পাওয়া যায়। পরবর্তী গন্তব্য Mt. Hood ও Timberline Lodge। শেষ জুলাই এর গরমেও Mount Hood এর চূড়ায় বরফ. Timberline lodge বেশ খানিকটা উঁচুতে, প্রায় চূড়ার কাছাকাছি মনে হয়। যদিও জানি দেখতে অমন মনে হলেও, আসল চুড়ো অনেকটাই দূর। ওই অত উঁচুতেও কাঠের তৈরি এ বাড়ী খুব সুন্দর। ভেতরে আধুনিক জীবন ধারার সব সুবিধাই বর্তমান। শুনলাম ওখানে থাকতে হলে এক বছরের ও বেশী সময়ের আগে বুক করতে হয়। একটা দিন প্রকৃতির মধ্যে কাটিয়ে ফিরে এলাম জমজমাট পোর্টল্যান্ড Oregonএ। এই পোর্টল্যান্ড IT hub হয়ে উঠছে, তাই সাদা কালো হলুদ খয়েরী সব মানুষেরই দেখা মেলে। বিশেষতঃ শহরের মধ্যে কখনো মনে হয়নি, "হেথায় তোমায় মানাইছে না গো" !

